



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
www.dshe.gov.bd

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৫৭.২০১৬- ২০৪৯

তারিখ: ০১/০৪/২০১৯ খ্রি:

বিষয়: নিম্ন মাধ্যমিক স্তরে এম.পি.ও.ভুক্ত বিদ্যালয়ে সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে ২০১২ সালের পূর্বে নিয়োগপ্রাপ্ত নিবন্ধনধারী ও নিবন্ধনবিহীন শিক্ষকদের এম.পি.ও. বিষয়ে তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০০১.০০১.২০১৬(খঙ-১).৮০, তারিখ: ০২/০৪/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সুত্রোক্ত স্মারকপত্রের মাধ্যমে নিম্ন মাধ্যমিক স্তরে এম.পি.ও.ভুক্ত বিদ্যালয়ে সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে ২০১২ সালের পূর্বে নিয়োগপ্রাপ্ত নিবন্ধনধারী ও নিবন্ধনবিহীন সকল শিক্ষকদের এম.পি.ও. ভুক্তির বিষয়ে বিদ্যমান নীতিমালা যাচাইপূর্বক মতামতসহ প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ের আলোকে তার বিদ্যালয়ের সংশ্লিষ্ট কম্পিউটার শিক্ষকের তথ্যাদি নিম্নবর্ণিত ছক ও চাহিত তথ্য মোতাবেক জরুরীভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৬/০৪/২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ অধিদপ্তরে দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	বিদ্যালয়ের নাম, উপজেলা, জেলা	শিক্ষকের নাম	শিক্ষাগত যোগ্যতা				নিয়োগ বিজ্ঞপ্তির প্রতিকার নাম ও প্রকাশের তারিখ	ডিজি'র প্রতিনিধি মনোনয়ন স্মারক ও তারিখ, নাম ও পদবী	নিয়োগের তাং	যোগদানের তাং	শিক্ষা মন্ত্রণালয়/ বোর্ড কর্তৃক কম্পিউটার বিষয় প্রনুমোদনের স্মারক নং ও তারিখ	মন্তব্য/ সুপারিশ
			পরীক্ষার নাম	বিভাগ/ শ্রেণি	পাশের সন	বোর্ড/ বিষ:						

চাহিত তথ্যাদি:

- ০১। প্রতিষ্ঠানটির মাধ্যমিক হিসেবে ১ম পাঠাদানের অনুমতিপত্র/স্বীকৃতিপত্র
- ০২। প্রতিষ্ঠানের নিজ নামের বিপরীতে ১ম এসএসসি পরীক্ষার তথ্যাদি  
(টেবুলেশন সিট সংযুক্ত করতে হবে)
- ০৩। শেষ ০৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (শুধুমাত্র ছকে উল্লেখ করতে হবে)
- ০৪। কম্পিউটার বিষয় নিয়ে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের টেবুলেশন সিট  
(শুরু থেকে ২০১২ সাল পর্যন্ত)

প্রধান শিক্ষক

(সংশ্লিষ্ট) বিদ্যালয়।

(তার প্রতিষ্ঠানের কম্পিউটার শিক্ষকের ০৩(তিন) প্রস্থ তথ্যাদি ও সফট কপি সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসে দাখিলের অনুরোধসহ)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠাতার ক্রমানুসারে নহে)-

- ০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)।
- ০২। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৩। জেলা শিক্ষা অফিসার, (সকল)  
(তার আওতাধীন প্রত্যেক কম্পিউটার শিক্ষকের তথ্যাদির ০২(এক) প্রস্থ হার্ড কপি ও উল্লিখিত ছক পূরণপূর্বক সকল কম্পিউটার শিক্ষকের তালিকার (NikoshBAN ফন্ট-এ) সফট কপি edudshesecondary2@gmail.com ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)
- ০৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, (সংশ্লিষ্ট উপজেলা)।  
(তার আওতাধীন সকল কম্পিউটার শিক্ষকের তথ্যাদির ০২(এক) প্রস্থ হার্ড কপি ও উল্লিখিত ছক পূরণপূর্বক সকল কম্পিউটার শিক্ষকের তালিকার (NikoshBAN ফন্ট-এ) সফট কপি সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে দাখিলের অনুরোধসহ)
- ০৫। সভাপতি, (সংশ্লিষ্ট বিদ্যালয়)।
- ০৬। জনাব .....
- ০৭। পিএট মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৮। সংরক্ষণ নথি।

(মোঃ আফসর উদ্দিন)  
শিক্ষা কর্মকর্তা (মাধ্যমিক-২)  
edudshesecondary2@gmail.com